

আল মু'মিন) | Ghafir (Al-Mu☐min) | اغَافِر (ٱلْمُؤْمِن)

আয়াতঃ ৪০ : ৮০

💵 আরবি মূল আয়াত:

وَ لَكُم فِيهَا مَنَافِعُ وَ لِتَبلُغُوا عَلَيهَا حَاجَةً فِى صندُورِكُم وَ عَلَيهَا وَ عَلَى الفُلكِ تُحمَلُونَ ﴿ ١٠٨﴾

আর এতে তোমাদের জন্য রয়েছে অনেক উপকার এবং যাতে তোমরা নিজদের অন্তরে যে প্রয়োজন অনুভব কর, ওগুলো দ্বারা তা পূর্ণ করতে পার। ওগুলোর উপর আর নৌযানের উপর তোমাদেরকে বহন করা হয়। — আল-বায়ান ওগুলোতে তোমাদের জন্য আছে বহু উপকার। তোমরা তোমাদের অন্তরে যে প্রয়োজনবোধ কর, যাতে ওগুলোর দ্বারা তা মিটাতে পার। ওগুলোর উপর আর নৌযানে তোমাদেরকে বহন করা হয়। — তাইসিরুল এতে তোমাদের জন্য রয়েছে প্রচুর উপকার; তোমরা যা প্রয়োজন বোধ কর এটা দ্বারা তা পূর্ণ করে থাক এবং এদের উপর ও নৌযানের উপর তোমাদেরকে বহন করা হয়। — মুজিবুর রহমান

And for you therein are [other] benefits and that you may realize upon them a need which is in your breasts; and upon them and upon ships you are carried. — Sahih International

৮০. আর এতে তোমাদের জন্য রয়েছে প্রচুর উপকার এবং যাতে তোমরা অন্তরে যা প্রয়োজন বোধ কর সেগুলো দ্বারা তা পূর্ণ করতে পার। সেগুলোর উপর ও নৌযানের উপর তোমাদেরকে বহন করা হয়।

তাফসীরে জাকারিয়া

- (৮০) এতে তোমাদের জন্য প্রচুর উপকার রয়েছে।[1] তোমরা যা প্রয়োজন বোধ কর এদের দ্বারা তা পূর্ণ করে থাক। আর এদের উপর[2] ও নৌযানের উপর তোমাদেরকে বহন করা হয়।
 - [1] যেমন, তাদের লোম, চুল, পশম এবং তাদের চামড়া থেকেও অনেক জিনিস তৈরী করা হয়। এদের দুধ থেকে ঘি, মাখন এবং পনির ইত্যাদিও তৈরী হয়।
 - [2] অর্থাৎ, এদের মধ্যে উটের পিঠে এবং গরুর গাড়িতে তোমাদেরকে বহন করা হয়।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4213

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন